R. N. No. 2532/57
Phone No. RGG.112
Regd No.—WB/MSD—4

ফ্রান্স-এর সহযোগিতায় তৈরী
সারদা বাইরন-এর
হোমিও ঔষধ পাওয়া যায়
কেয়ার এণ্ড কিওর হোমিও
সেণ্টার
গাড়ীঘাট
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৪০শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ১৭ই ফাল্গুন বুধবার, ১৩৯৫ সাল।
১লা মার্চ্চ, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## শিক্ষক নিয়ুক্তির ডোনেশন ভাগ বাঁটোয়ারা নিয়ে দ্বন্দ্ব!

জঙ্গিপুর : সম্প্রতি রঘুনাথগঞ্জ-২নং ব্লকের খামরা ভাবকী জুনিয়ার হাই স্কুলে একজন আবাসিক শিক্ষকের পদে পাঁচজনের ইন্টারভ্যু নেওয়া হয়। তাঁদের মধ্যে বড়জুমলা গ্রামের জনৈক প্রার্থী সর্বাধিক ডোনেশন ৬৫০০০ টাকা দিতে স্বীকৃত হওয়ায় তাঁকে নিয়োগের সিদ্ধান্ত নিয়ে তাঁর নাম এ্যাপ্রুভ্যালের জন্য উপরে পাঠানো হয়। ডোনেশনের টাকার মধ্যে ৩৫০০০ টাকা রাখা হয় নাকি সম্পাদক নাজির আমেদের কাছে এবং বাকী ৩০০০০ টাকা থাকে ফুরকান আলি নামে জনৈক শিক্ষক প্রতিনিধির কাছে। উল্লেখ্য, ঐ স্কুলের কমিটির প্রায় সব সদস্যই কংগ্রেস দলভুক্ত। পরবর্তীতে এ্যাপ্রুভাল এসে গেলে কমিটির সভ্যরা নাকি ঠিক করেন কোন টাকা স্কুল ফাণ্ডে জমা না দিয়ে ৩০০০০ টাকা জেলা কংগ্রেস ফাণ্ডে ও বাকী ৩৫০০০ টাকা তাঁরা নিজেদের মধ্যে ভাগ বাঁটোয়ারা করে নেবেন। এই ভাগ বাঁটোয়ারাকে কেন্দ্র করে সম্প্রতি স্কুলে বিশৃঙ্খলা দেখা দিয়েছে। কোন্দলে স্কুলও ঠিকমত চলছে না, পড়াশোনা লাটে উঠেছে বলে কিছু অভিভাবক আমাদের প্রতিনিধির কাছে অভিযোগ করেন।

## অনুদান নিয়ে ছিনিমিনি খেলার অভিযোগে গ্রামবাসীরা সোচ্চার

আহিরণ : সাদিকপুর গ্রাম পঞ্চায়েতের অধীন ফতুল্লাপুর গ্রামের অধিবাসীরা তাঁদের গ্রামের পঞ্চায়েত সমিতির সদস্য পটলচন্দ্র দাস অনুদান প্রভৃতি নিয়ে ছিনিমিনি খেলছেন বলে অভিযোগ তুলেছেন। প্রায় পঞ্চাশজন গ্রামবাসীর স্বাক্ষর সম্বলিত এক অভিযোগ পত্র বিডিও স্থতি ১নং ব্লক, জঙ্গিপুরের মহকুমা শাসক ও জেলা সমাহর্তার কাছে তাঁরা পাঠিয়েছেন বলে খবর। অভিযোগে তাঁরা জানান, সমিতির সদস্য পটলচন্দ্র দাস তাঁর নাবালক পুত্র বিকাশচন্দ্র দাসের নামে তাঁত শিল্পীদেরকে দেওয়া অনুদান মঞ্জুর করে নাকি গত ২৪ জানুয়ারী তা বিলিও করেছেন। উক্ত বিকাশচন্দ্র দাস ফতুল্লাপুর হাই স্কুলের ষষ্ঠ শ্রেণীর ছাত্র এবং তার নিজস্ব কোন তাঁত নাই। প্রকৃত যাঁরা তাঁত শিল্পী তাঁরা অনুদানের কোন টাকা পান না বলে অভিযোগকারীরা দাবী করেন। তার উপর পঞ্চায়েত সমিতির ঐ সদস্য মিনিকিট বন্টনের ক্ষেত্রেও ছিনিমিনি খেলছেন বলে প্রকাশ। যাঁদের নামে মিনিকিট বন্টিত হয়েছে তাঁদের নিজস্ব কোন জমি তো নাইই, এমন কি তাঁরা কারও জমি চাষও করেন না। আরোও বিস্ময়ের কথা—মিনিকিট প্রাপকদের মধ্যে ধীরেন্দ্রনাথ দাস ও সুধীরকুমার দাস গত ২৪ জানুয়ারী তাঁতশিল্পী অনুদানও পেয়েছেন। গ্রামবাসীরা এ ব্যাপারে প্রতিবাদ করলে পটলবাবু কোন গা করেন না এবং নিজের খুশীমত বে-আইনী কাজ কারবার চালিয়ে যাচ্ছেন। ফলে সরকারের সৎ উদ্দেশ্য সম্পূর্ণভাবে ব্যর্থ হচ্ছে। অভিযোগকারীদের দাবী —প্রশাসন এ সম্বন্ধে যথোচিত তদন্ত করে বে-আইনী কাজ কারবার বন্ধ করার ব্যবস্থা করুন।

## পুলিশের উপর রাজনৈতিক চাপ বৃদ্ধি পাচ্ছে

জঙ্গিপুর : সি পি এমের বিশিষ্ট নেতা সাজাহান বিশ্বাসকে তাঁর তেঘরী বাড়ী থেকে গভীর রাতে পুলিশ গ্রেপ্তার করলে এই অঞ্চলে বিশেষ চাঞ্চল্যের সৃষ্টি হয়। জনৈক আসামীকে আশ্রয় দেওয়ার অভিযোগে পুলিশ ঐ নেতাকে গ্রেপ্তার করে। পরে স্থানীয় সি পি এম নেতার নির্দেশে পুলিশ শ্রীবিশ্বাসকে মুক্তি দেয়। অপর একটি ঘটনায় খামরা ভাবকী জুনিয়র হাই স্কুলের জনৈক শিক্ষক ( শেষ পৃঃ দ্রষ্টব্য )

## দলীয় মতবিরোধে খণ্ডযুদ্ধ

ফরক্কা : বেশ কিছুদিন থেকে এখানে বিভিন্ন ঘটনাকে কেন্দ্র করে সি পি এম এবং বি জে পির মধ্যে ঠাণ্ডা লড়াই চলে আসছে। সম্প্রতি ফিল্ড হোষ্টেলের একটি নির্মাণ কাজকে কেন্দ্র করে সেই মতবিরোধ চরমে উঠে এবং গত ২৭ ফেব্রুয়ারী বিরোধকে কেন্দ্র করে দু'দলের মধ্যে প্রকাশ্যে খণ্ড যুদ্ধ বাধে। পুলিশ খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে এসে যাওয়ায় অবস্থা বাড়তে পারেনি। এ ব্যাপারে বি জে পির ২ জন এবং সি পি এমের একজনকে পুলিশ গ্রেপ্তার করে। কেউ হতাহত হয়নি।

## ইরানের ঢেউ সম্মতিনগরে

জঙ্গিপুর : গত ২৪ ফেব্রুয়ারী জঙ্গিপুর—লালগোলা রুটে বাস ও সম্মতিনগর এলাকার বেশ কিছু দোকান পাট বন্ধ থাকে। সলমন রুশদি বিরোধী ও ইরানের ধর্ম্মীয় নেতা আয়াতুল্লা খোমাইনির সমর্থনে পোষ্টার ও ফেষ্টুন নিয়ে দলবদ্ধ মুসলিম জনতাকে রাস্তা অবরোধ করতে দেখা যায়। খবরে প্রকাশ, রুশদির 'স্যাটানিক ভার্সেস' বই প্রকাশের পরিপ্রেক্ষিতে ইরানের ধর্ম্মীয় নেতা খোমাইনি রুশদিকে কোতল করে ( শেষ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৭ই ফাল্গুন বুধবার ১৩৯৫ সাল

## লোড শেডিং এর অন্ধকার

এককালে সন্ধ্যার অন্ধকারের সাথে সাথে মানুষের বিশ্রামের সময় হইয়া আসিত। সমগ্র দিবসের পরিশ্রমের পর শ্রমক্লান্ত মানুষ অন্ধকারের সঙ্গে সঙ্গে নিদ্রায় অভিভূত হইয়া পড়িত। প্রয়োজন থাকিলেও কাজ করিবার উপায় সেদিন ছিল না। কিন্তু সভ্যতার অগ্রগতির সঙ্গে সামঞ্জস্য রাখিয়া মানুষ দ্বীপ জ্বালাইতে শিখিল এবং আলোকের সহায়তায় অন্ধকারের মধ্যে কার্য্য করিতে অভ্যস্ত হইয়া পড়িল। ইদানীং কালে বিদ্যুৎ শক্তিতে উন্নত প্রযুক্তির ব্যবহার বৃদ্ধি পাওয়ায় বিদ্যুৎ আলোয় আলোকিত হইয়া রাত্রির অন্ধকার দিবসে রূপান্তরিত হইল। ফলে রাত্রিতে কাজ কারবার তো বৃদ্ধি পাইল; তাহার সঙ্গে দিবসেও বহু কার্য্যে বিদ্যুতের ও বিদ্যুৎ আলোর ব্যবহার বাড়িল। হাসপাতালে অপারেশন টেবিলে উজ্জ্বল আলোর ব্যবহারের প্রয়োজন দেখা দিল। ধান ছাটাই, গম ভাঙ্গানো, সরিষা পেশাই এবং সেচের জল সরবরাহের কলের ক্ষেত্রে, ষ্টুডিও, ছাপাখানা প্রভৃতিতে বিদ্যুৎ ব্যবহার প্রয়োজনীয় হইয়া পড়িল। কিন্তু সম্প্রতি বিদ্যুৎ উৎপাদন মেশিনগুলির ক্রমব্যর্থতা বিদ্যুৎ উৎপাদনে বাধা সৃষ্টি করিতে থাকায় প্রতিনিয়ত লোড শেডিং অনিবার্য্য ইহয়া পড়িয়াছে। ফলশ্রুতি সভ্যতার দুরন্তগতি যানের চক্র সহসা থামিয়া গিয়া বিপর্য্যয় সৃষ্টি করিতেছে। অর্দ্ধ সমাপ্ত ছাপাই এর চিহ্ন বুকে লইয়া ছাপাখানার যন্ত্র মুখ থুবড়াইয়া থমকাইয়া যাইতেছে। অস্ত্রপচারের টেবিলে চিকিৎসকের অস্ত্র অন্ধকারে পথ হারাইয়া মুমূর্ষু রোগীর মৃত্যুর কারণ হইতেছে। গম পেশাই মেসিনে অর্দ্ধ পেশাই হইয়া গম পড়িয়া থাকিতেছে। ষ্টুডিওগুলি বিদ্যুতের অভাবে বেকারত্বের দিকে ধাবিত হইতেছে। এদিকে আসন্ন ফাইন্যাল পরীক্ষার জন্য ছাত্রদের প্রস্তুতিও চরমভাবে বাধা পাইতেছে। অথচ রেডিও, টিলিভিশনে অহরহ শুনা যাইতেছে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রের শ্রীবৃদ্ধি ও জলবিদ্যুৎ, তাপবিদ্যুৎ, পারমাণবিক বিদ্যুৎ ও বিদ্যুৎ উৎপাদনে টারবাইন কেন্দ্রগুলি বৃদ্ধি পাইতেছে। গত ২৮ যেব্রুয়ারী বিদ্যুৎ মন্ত্রীর ঘোষণানুযায়ী জানা যায়—গোকর্ণে আরো একটি বিদ্যুৎ সাবষ্টেশনের উদ্বোধন হইল। কিন্তু কাকস্য পরিবেদনা, কোথায় কি! অবস্থা যথাপূর্বং তথা পরম। দিন দিন লোড শেডিং বৃদ্ধি পাইতেছে। এমন কি কখন লোড শেডিং হইবে তাহাও পূর্বের ন্যায় সময় নির্দিষ্ট নহে। যখন খুশি তখন বিদ্যুৎ চলিয়া যাইতেছে। এবং ফিরিয়া আসিবার কোন নির্দিষ্ট সময়ও নাই। লোড শেডিং এর অন্ধকার ক্রমশঃ বৃদ্ধি পাইয়া মানুষকে বিপাকে ফেলিতেছে এবং কাজ কারবারের গতি স্তব্ধ করিতে চেষ্টিত হইতেছে।

## স্যাটানিক ভার্সেসকে কেন্দ্র করে শয়তানের জাগরণ

বিশেষ প্রতিবেদক: বিংশ শতাব্দীর শেষ দশক। কয়েক বছর পরেই পৃথিবী একবিংশ শতকে পা দেবে। কিন্তু আমরা এগিয়ে না গিয়ে ক্রমাগত যেন পিখিয়ে চলেছি। বিশ্বমানবিকতা লাভের বদলে বিচ্ছিন্নতাবাদী মনোভাব আমাদের ক্রমশঃ গ্রাস করে চলেছে। দেশের অভ্যন্তরে দার্জিলিং, ঝাড়খণ্ড, তামিল, অসমীয় প্রভৃতি নানা সমস্যাতো রয়েছে, তদুপরি আন্তর্জাতিক ক্ষেত্রে পাক-আফগান, ইরাক-ইরাণ, চীন-ভারত প্রভৃতি দেশের মধ্যে সঙ্কীর্ণ মনোভাবও ক্রমশঃ বেড়ে চলেছে। এমনকি আফ্রিকায় চলেছে সাদা কালো বিবাদ; সম্প্রতি এসব বিবাদকেও পিছনে ফেলে সালামন রুশদির ঘটনায় সারা বিশ্ব আজ আলোড়িত: তাঁর রচনা স্যাটানিক ভারসেসকে কেন্দ্র করে বিশ্বের মুসলিম জনগণ ক্ষিপ্ত, এমনকি মুসলিম ধর্মীয় নেতা ইরাণের আয়াতুল্লা খোমাইনী এই রচনার বিপক্ষে রায় দিতে গিয়ে রুশদিকে হত্যা করার ফরমান জারি করে বসেছেন। অতি অদ্ভুত এ আদেশ! অন্য দেশের এক নাগরিককে আর এক দেশের অধিনায়ক মৃত্যুদণ্ডাদেশ দিতে পারেন, এ ঘটনাকে আর যাই হোক সুসভ্য বিংশ শতাব্দীর ঘটনা বলে স্বীকার করতে দ্বিধা জাগে। এ যেন সেই অন্ধকারময় মধ্যযুগের 'ধর্মযুদ্ধ' ঘোষণা। কিন্তু কে শোনে কার কথা, ন্যায় অন্যায়, ভদ্রতা অভদ্রতার ধার কে ধারে। দেখা যাচ্ছে সারা পৃথিবীর বেশ কিছু মুসলিম জনতার সাথে সাথে আমাদের দেশের কিছু ধর্মান্ধ মুসলিমও খোমাইনীর ফরমান জারীকে উপযুক্ত বলে মনে করে সমর্থন জানিয়েছেন। দিল্লীর শাহীইমামও বলেছেন খোমাইনীর এ নির্দেশ যথোপযুক্ত হয়েছে। হায়রে, দেখে শুনে মনে হচ্ছে আমরা সুসভ্য পৃথিবীতে নয়, হবুচন্দ্র রাজার দেশে বাস করছি। দুই মুসলিম রাষ্ট্র ইরাক-ইরাণ, পাকিস্থান-আফগানিস্থান লড়াই করতে পারে, সেক্ষেত্রে আয়াতুল্লা খোমাইনীকে স্বীকার করতে কেউই চাইবেন না, কিন্তু তাঁর ধর্মান্ধ নির্দেশ মেনে নিতে কারও কোন আপত্তি নেই। বিশেষ করে আমাদের দেশে এ ঘটনাকে কেন্দ্র করে বোম্বাই প্রভৃতি শহরে যা ঘটে গেল; এমন কি ভারতের প্রত্যন্ত এক প্রদেশ পঃ বঙ্গের ছোট্ট এক জেলা মুর্শিদাবাদের ছোট এক মহকুমা জঙ্গিপুরের এক গণ্ডগ্রাম সম্মতিনগরে সামান্য কয়েকজন মুসলিম তরুণ খোমাইনীর ফরমানের সমর্থনে বন্‌ধ ডেকে যে মনোভাবের পরিচয় দিলেন, তাকে কোনমতেই সমর্থন করা যায় না। কেননা ভারতবর্ষই সর্বপ্রথম রুশদির বই-এর প্রচার ও প্রকাশ বন্ধ করে আদেশ জারী করেছে। রুশদির বই-এ কি আছে তা না দেখেও যেহেতু সেই রচনা এক ধর্মীয় মনোভাবের পরিপন্থী হতে পারে চিন্তা করেই ভারত সরকারের ঐ ঘোষণা। সেক্ষেত্রে সহসা সেই দেশেই এ আন্দোলন কেন গড়ে তোলা হলো তা বোধগম্য নয়। ভারত সরকারের উচিৎ এই ঘটনাকে হালকা করে না দেখে ভালভাবে তদন্ত করে এই বিষ বৃক্ষের মূলোচ্ছেদ করা। তা নাহলে ষড়যন্ত্রকারীদের অসৎ সাহস বৃদ্ধি পাবে ও এদেশের বুকে সাম্প্রদায়িক গোলযোগের সুযোগ করে দেওয়া হবে।

## লুথারেনের দানে সরকারী ঋণ প্রকল্প বানচাল

সাগরদীঘি: সার্বিক গ্রামীণ উন্নয়ন কর্মসূচীতে সরকার যে ঋণ দিচ্ছেন তা মোরগ্রাম, বোখারা প্রভৃতি গ্রামের অধিবাসীরা নিতে এগিয়ে না আসায় প্রকল্প মার খেতে চলেছে। গ্রামীণ ব্যাঙ্কের কর্মচারীরা জেলা শাসককে জানিয়েছেন, লুথারেন ওয়ারল্ড সার্ভিস থেকে গ্রামবাসীদের অফেরৎযোগ্য সাহায্য দেওয়ার ফলে ব্যাঙ্কের শোধযোগ্য ঋণ নিতে গ্রামবাসীদের এত অনীহা। এই অবস্থা চলতে থাকলে প্রকল্পে ঋণদানের লক্ষ্যমাত্রা পূরণ কোন ক্রমেই সম্ভব হবে না।

## পঞ্চায়েত সমিতি দ্রুততালে কাজ করছে

জঙ্গিপুর: রঘুনাথগঞ্জ ২নং ব্লকের গ্রামীণ উন্নয়ন কর্মসূচীর কাজ গত কয়েক বছরে ব্যর্থতার নজির সৃষ্টি করেছিল। এ নিয়ে জেলা শাসক বেশ কয়েকবার বৈঠকও করেন। কিন্তু কাজের কাজ কিছুই হয়নি। এ বছর উক্ত সমিতি সি পি এমের দখলে আসার পর থেকেই পঞ্চায়েত সমিতির সভাপতির কড়া মনোভাবে কাজের গতি দ্রুত হয়েছে বলে খবর। ভারপ্রাপ্ত কর্মীরাও রীতিমত সজাগ। ফলে সকলে আশা করছেন বিগত কয়েক বছরের দুর্নাম ঘুচিয়ে এবার এই ব্লক জেলায় সুসংহত গ্রামোন্নয়ন কর্মসূচীতে বিশিষ্ট স্থান অধিকার করতে পারবে।

NTPC
नेशनल थर्मल पावर कारपोरेशन

# National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

## Farakka Super Thermal Power Project

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B)
PIN : 742236

Sealed tenders are invited from experienced and registered contractor of NTPC/CPWD/Railway/WBSEB and Public Sector Undertakings for the following works. Tender documents can be had in person showing the registration and credentials from the office of the undersigned during working hours of the date mentioned for sale of documents on payment of cost of tender documents for the works. Tenderers desiring documents by post should send Rs. 20-00 (Rupees twenty only) extra for each work either by I. P. O. payable at Post Office, Khejuriaghat or Demand Draft in favour of National Thermal Power Corporation Ltd., payable on State Bank of India at Farakka alongwith a copy of proof of registration and credentials.

The documents will be on sale from 20-2-89 to 14-3-89 between 9-00 to 12-00 hours and 14-30 hours to 16-00 hours on all working days. Tender will be received upto 3-00 p. m. of the tender opening date and will be opened as indicated below in presence of the attending tenderers or their authorised representatives.

| Sl. No. | Name of work | Approx. value of work | Amt. of EMD cost of tender paper | Completion period | Date & time of opening |
|---|---|---|---|---|---|
| 1. | Construction of 15 block hostals (15×12=180 units) in lieu ot 'B' type Qtrs. near field hostel/ C. I. S. F. complex of FSTPP. NIT no. FS : 43 : CS : 3019/T-16/89 | 75 lakhs (seventy five) | Rs. 50,000/- Rs. 100/- | 24 months | 15-3-89 at 3 p. m. |
| 2. | Construction of 4 block hostels (4×16=64 units) in lieu of 'A' type Qtrs. near field hostel/ C. I. S. F. complex of FSTPP NIT no. FS : 43 : CS : 3018/T-17/89 | 20 lakhs (twenty) | Rs. 40,000/- Rs. 100/- | 15 months | 16-3-89 at 3 p. m. |
| 3. | Construction of road, drains and culverts at central area of permanent township, Khejuriaghat of FSTPP. NIT no. FS : 42 : CS : 1586/T-18/89 | 5.5 lakhs (five point five) | Rs. 11,000/- Rs. 50/- | 6 months | 16-3-89 at 4 p. m. |

## Terms & Conditions :

Proof of registration, latest IT, ST & Professional Tax clearance certificates and other credentials are to be shown at the time of obtaining tender froms and should be submitted alongwith the tender.

2. Interested parties are advised to visit site to familiarise with the site conditions.

3. Tenders received late and/or without earnest money will not be entertained Adjustment of earnest money against running account bill is not acceptable and earnest money to be submitted in any of the acceptable form as mentioned in the tender paper. Tenderers registered with any other project of NTPC, are not exempted from depositing EMD. The tenders must be accompanied by requisite earnest money in prescribed form, earnest money of Rs.......................enclosed should clearly be wtitten on the top of envelope containing tender paper, failing which the tender(s)

(Contd. 4 Page)

(From 3rd page)

may not be opened and will be returned to the tenderer(s).

4. NTPC takes no responsibility for delay or non-receipt of tender documents sent by post.

5. The authority of acceptance of any offer in part or in whole or dividing the work amongst more than one party solely rests with NTPC. NTPC does not bind itself to accept the lowest offer or any offer reserves the right to cancel any or all the offers without assigning any reason.

**Deputy Manager (Contracts)**

F.S.T.P.P./N.T.P.C.

## জঙ্গিপুর সংবাদ


সাপ্তাহিক সংবাদপত্র

১৯৫৬ সালের সংবাদপত্রে রেজিস্ট্রেশন (কেন্দ্রীয়) আইনের ৮ ধারা অনুযায়ী মালিকানা ও অন্যান্য বিষয়ের বিবরণ : ৪নং ফরম ১। যে স্থান হইতে প্রকাশিত হয়—'জঙ্গিপুর সংবাদ' কার্যালয়, পণ্ডিত প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঃ) ২। প্রকাশের সময় ব্যবধান সাপ্তাহিক। ৩, ৪, ৫। মুদ্রাকর, প্রকাশক ও সম্পাদকের নাম অনুত্তম পণ্ডিত, জাতি—ভারতীয় নাগরিক, বাসস্থান—চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ জেলা মুর্শিদাবাদ (পঃ বঃ) ৬। এই সংবাদপত্রে স্বত্বাধিকারী অথবা যে সকল অংশীদার মূলধনের এক শতাংশের অধিক অংশের অধিকারী তাঁহাদের নাম ও ঠিকানা—স্বত্বাধিকারী অনুত্তম পণ্ডিত, পণ্ডিত প্রেস, চাউলপটী, পোঃ রঘুনাথগঞ্জ, জেলা মুর্শিদাবাদ (পঃ বঃ)। আমি অনুত্তম পণ্ডিত, এতদ্দ্বারা ঘোষণা করিতেছি যে, উপরোক্ত বিবরণসমূহ আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য।

রঘুনাথগঞ্জ, স্বাঃ অনুত্তম পণ্ডিত,
১লা মার্চ, ১৯৮৯ প্রকাশক


## আর এস পির থানা সম্মেলন

রঘুনাথগঞ্জ : গত ২৫ ফেব্রুয়ারী আর এস পির রঘুনাথগঞ্জ থানা সম্মেলন অনুষ্ঠিত হয় স্থানীয় হাই স্কুলে। ২৫ ফেব্রুয়ারী বেলা চারটায় সদরঘাটে প্রকাশ্য সম্মেলনে সভাপতিত্ব করেন অনিল মণ্ডল। প্রতিনিধি সম্মেলনে আবদুল হককে সম্পাদক করে একটি লোক্যাল কার্যকরী কমিটি গঠিত হয়।

## রাজনৈতিক চাপ বৃদ্ধি পাচ্ছে

( ১ম পৃষ্ঠার পর )

মহঃ ফুরকানকে পুলিশ গ্রেপ্তার করলে কংগ্রেস বিধায়ক হাবিবুর রহমানের সুপারিশে তিনিও মুক্তি পান। আইনের চোখে এঁরা দোষী হলেও রাজনৈতিক নেতাদের চাপে পুলিশ ধৃত আসামীদের মুক্তি দিতে বাধ্য হচ্ছে। এই সব ক্ষেত্রে প্রশাসন অসহায় এই মন্তব্য করেন জনৈক পুলিশ অফিসার।

## লায়নস্ ক্লাব উদ্বোধন

রঘুনাথগঞ্জ : গত ২৬ ফেব্রুয়ারী স্থানীয় রবীন্দ্র ভবনে জঙ্গিপুর লায়নস্ ক্লাবের উদ্বোধন হয়। ক্লাবের ডিস্ট্রিক্ট গভর্ণর লায়ন এস, এম, জৈন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন। পরে ৩০ জন সদস্যের এক কমিটিতে ডাঃ গৌরীপতি চ্যাটার্জী, প্রেসিডেন্ট ও অনুত্তম পণ্ডিত সেক্রেটারী নির্বাচিত হন।

## ব্যাঙ্কেরও বার্ষিক হিসাব ৩১শে মার্চ্চ ঠিক হলো

নিজস্ব সংবাদদাতা : ব্যাঙ্ক সূত্রে জানা যায় চলতি বছর থেকে ব্যাঙ্কের বার্ষিক হিসাব মার্চ্চ মাস পর্যন্ত করা হবে। সরকারী এক আদেশ নামায় ক্যালেণ্ডার ইয়ারে ব্যাঙ্কের বার্ষিক হিসাব না করে ১ এপ্রিল থেকে ৩১ মার্চ্চ পর্যন্ত বছর ধরতে ব্যাঙ্কগুলোকে নির্দেশ দেওয়া হয়েছে।

## সুতি-১ ও রঘুঃ ২নং ব্লকে আরো বাণিজ্যিক ব্যাঙ্ক খোলা হচ্ছে

জঙ্গিপুর : সুতি ১নং ব্লকের আহিরণ গ্রামে জেলা কমিটির সুপারিশ অনুযায়ী বাণিজ্যিক ব্যাঙ্কের নতুন একটি শাখা খোলার উদ্যোগ চলছে। এছাড়া রঘুনাথগঞ্জ ২নং ব্লকের মিঠিপুর, রামপুর এবং বড়জুমলায় নতুন নতুন ব্যাঙ্ক খোলার প্রস্তাব নেওয়া হয়েছে। রিজার্ভ ব্যাঙ্কের অনুমোদনও চাওয়া হয়েছে বলে খবর। অনুমোদন পাওয়া গেলেই শাখাগুলি খোলার ব্যবস্থা হবে বলে জানা যায়।

## ইরানের ঢেউ সম্মতিনগরে

( ১ম পৃষ্ঠার পর )

দোজখে পাঠানোর এবং যাঁরা ঐ বইয়ের প্রকাশনা ও প্রচার করতে সাহায্য করেছে তাঁদের মৃত্যু দণ্ডের যে ফরমান জারী করেছেন তারই সমর্থনে সারা ভারতের সাথে স্থানীয় কিছু খোমাইনী সমর্থক এই বন্ধের ডাক দেন। অবশ্য কোন অপ্রীতিকর ঘটনা ও সাম্প্রদায়িক গোলযোগের খবর পাওয়া যায়নি। আরও জানা যায় এতদঞ্চলের অধিকাংশ মুসলমানই এ ব্যাপারে নির্লিপ্ত ছিলেন।

## এস এফ আইয়ের সভায়

নিজস্ব সংবাদদাতা : সম্প্রতি এস এফ আইয়ের সভায় বহরমপুরে এস এফ আইয়ের রাজ্য সম্মেলনে মুখ্যমন্ত্রী জ্যোতি বসু উপস্থিত হন। দলীয় নির্দেশে প্রাথমিক ও মাধ্যমিক স্কুলের সি পি এম সমর্থক শিক্ষকেরা এই জনসভায় যোগ দিতে দলে দলে বহরমপুর যান বলে খবর। কংগ্রেস বিধায়ক হাবিবুর রহমান এই ঘটনায় তীব্র প্রতিবাদ জানিয়ে বলেন—ওই সমস্ত শিক্ষকেরা কেউ স্কুলে ছুটি তো নেননি উপরন্তু হাজিরা খাতায় সই করে হাজির না থেকেও হাজির থাকা দেখিয়েছেন। বিধায়ক ভারপ্রাপ্ত এস আই অফ স্কুলস্ এর কাছে এ সম্বন্ধে তদন্ত করে উপযুক্ত শাস্তি দাবী করেছেন এবং শিক্ষামন্ত্রীর দপ্তরেও এ ঘটনা জানাবেন বলে সিদ্ধান্ত নিয়েছেন। এস আইরা জ্যোতি বসুর জনসভায় যোগদানের ব্যাপারে ব্যবস্থা নিতে রীতিমত ভয় পাচ্ছেন বলে জানা যায়।

## পুলিশী তৎপরতা থেমে গেল কেন?


রঘুনাথগঞ্জ : স্থানীয় শহরে পুনরায় সাইকেল বা সাইকেল রিক্সা অন্ধকারে আলো জেলে না চললে পুলিশ কিছু বলে না। কিছুদিন পূর্বে হঠাৎ পুলিশকে এ ব্যাপারে আশাতিরিক্ত তৎপর হতে দেখা যায়। তারা বেশ কিছু লাইট সম-বিহীন রিক্সা এবং আলো না জেলে চলাচলকারী যানবাহন আটক করে কেস দেয়। বর্তমানে সন্ধ্যার পর পরই লোডশেডিং নিয়মিত হয়ে পড়েছে। এবং অন্ধকারে আলো না জালিয়ে চলাচলকারী যানবাহনের ধাক্কায় প্রায় দুর্ঘটনা ঘটছে। পুলিশের সেই তৎপরতা সহসা অন্তর্হিত হওয়ায় চালকরাও বেপরোয়া। নাগরিকদের প্রশ্ন হঠাৎ কোন যাদু কাঠির স্পর্শে পুলিশ চুপ হয়ে পড়লো!

## থানা কৃষক সভা

নিজস্ব সংবাদদাতা : সাগরদীঘি থানার কৃষক সভা এবার গত ১৮-১৯ ফেব্রুয়ারি মনিগ্রামে অনুষ্ঠিত হয়। সভার প্রারম্ভে বিভিন্ন সংগঠনের তরফ থেকে শহিদ বেদীতে মাল্যদান করা হয়। পরে আলোচনায় অংশ গ্রহণ করেন সি পি এমের জোনাল সেক্রেটারী শৈলজা রায়, বিধায়ক পরেশ দাস, বিভিন্ন গ্রাম পঞ্চায়েত প্রধান ও কৃষক সমিতির সভাপতি ও সম্পাদকরা। প্রান্তিক চাষীদের অভিযোগ, তাঁদের জমিতে যে সব কৃষি মজুর বর্গা রেকর্ড করেছেন তাঁরা ঠিক মত ফসল দিচ্ছেন না এবং এ ব্যাপারে কোন প্রতিকারও হচ্ছে না।


কিনুন

আপনার সব সময়ের সব চাইতে পছন্দের



অলউইন ঘড়ি সিকো

লাইসেন্সে প্রস্তুত

দম দেওয়া ● স্বয়ংক্রিয় ● কোয়ার্টজ্

iaa 3499 A

মুর্শিদাবাদ ও বীরভূম জেলার একমাত্র অনুমোদিত ষ্টকিষ্ট :

সাহা ওয়াচ কোম্পানী

ফুলতলা মোড়

রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ


রঘুনাথগঞ্জ (পিন—৭৪২২২৫) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।